



যুদ্ধবিরতি লঙ্ঘন করে গাজায় ইসরায়েলি বিমান হামলায় নিহত ৩২



গাজায় ইসরায়েলি বিমান হামলা। ছবি: সংগৃহীত

গাজা উপত্যকায় ইসরায়েলি বিমান হামলায় একদিনেই অন্তত ৩২ ফিলিস্তিনি নিহত হয়েছেন বলে জানিয়েছে স্থানীয় উদ্ধারকর্মীরা। নিহতদের মধ্যে নারী ও শিশুও রয়েছে।

শনিবার ভোর থেকে গাজার উত্তর ও দক্ষিণাংশে ধারাবাহিক হামলা চালানো হয়। দক্ষিণের খান ইউনিসে বাস্তুচ্যুতদের আশ্রয় হিসেবে ব্যবহৃত একটি তাঁবুতে হেলিকপ্টার গানশিপ থেকে গুলি চালানো হলে একই পরিবারের সাতজনের মৃত্যু হয়।

গাজা শহরের শিফা হাসপাতাল জানায়, একটি আবাসিক ভবনে হামলায় তিন শিশু ও দুই নারী নিহত হয়েছেন। ধ্বংসস্তূপের ভেতর থেকে মরদেহ উদ্ধারের দৃশ্য সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে।

ইসরায়েলি সেনাবাহিনী বলেছে, আগের দিন হামাসের পক্ষ থেকে যুদ্ধবিরতি লঙ্ঘনের জবাবে এই হামলা চালানো হয়েছে। তাদের দাবি, রাফাহর পূর্বাঞ্চলে ভূগর্ভস্থ স্থাপনায় লুকিয়ে থাকা সশস্ত্র সদস্যদের লক্ষ্য করে অভিযান পরিচালনা করা হয়।

হামাস এ হামলাকে ‘গণহত্যামূলক আত্মরক্ষার ধারাবাহিকতা’ আখ্যা দিয়ে যুক্তরাষ্ট্রের হস্তক্ষেপ দাবি করেছে। মিসর ও কাতারও হামলার নিন্দা জানিয়ে সব পক্ষকে সংযত থাকার আহ্বান জানিয়েছে।

২০২৩ সালের ৭ অক্টোবরের পর শুরু হওয়া সংঘাতে এখন পর্যন্ত ৭১ হাজারের বেশি ফিলিস্তিনি নিহত হয়েছেন বলে জানিয়েছে হামাস-নিয়ন্ত্রিত স্বাস্থ্য মন্ত্রণালয়।